

এভারেস্ট বিজয়ী বাবর আলীকে বিমানবন্দরে সংবর্ধনা দিলো বিমান

- A Monitor Desk Report

Date: 29 May, 2024



ঢাকাঃ মাউন্ট এভারেস্ট ও লোৎসে বিজয়ী মো. বাবর আলীকে বিমানবন্দরে সংবর্ধনা দিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। মঙ্গলবার (২৮ মে) সন্ধ্যায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাকে সংবর্ধনা দেওয়া হয়।

মঙ্গলবার (২৮ মে) রাতে বিমানের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এ সময় বিমান বাংলাদেশের মহাব্যবস্থাপক (জনসংযোগ বিভাগ)বোসরা ইসলাম, এয়ারপোর্ট সার্ভিসের মহাব্যবস্থাপক রাশেদুল করিমসহ বিমানের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে, সন্ধ্যায় পর্বতারোহী বাবর আলী বিমানের বিজি-৩৭২ ফ্লাইটে করে কাঠমান্ডু থেকে ঢাকায় ফেরেন।

প্রসঙ্গত, গত ১৯ মে ভোরে ২৯ হাজার ৩১ ফুট উচ্চতার মাউন্ট এভারেস্টের চূড়ায় বাংলাদেশের পতাকা ওড়ান বাবর আলী। ২ দিন পর লোৎসে পর্বতের চূড়ায় (৮ হাজার ৫১৬ মিটার) ওঠেন ৩৩ বছর বয়সী বাবর আলী। ২১ মে নেপালের স্থানীয় সময় সকাল ৫টা ৫০ মিনিটে (বাংলাদেশ সময় ৬টা ৫ মিনিট) বাবর লোৎসে পর্বতের চূড়ায় পা রাখেন।

-B